গাংনীর ভাটপাড়া আবাসন প্রকল্পে কম্বল বিতরণ করলেন জেলা প্রশাসক

মেহেরপুরের গাংনী উপজেলার ভাটপাড়া আবাসন প্রকল্পে সরকারি কম্বল বিতরণ করেছে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মনসুর আলম খান।

শনিবার বিকেলে ভাটপাড়া আবাসন প্রকল্পে কম্বল বিতরণ অনুষ্ঠানের আয়োজন করে গাংনী উপজেলা প্রশাসন ও প্রকল্প বাস্তবায়ন অধিদপ্তর। এ সময় ৯০ টি পরিবারের মাঝে প্রধানমন্ত্রী ত্রাণ তহবিল তহবিলের কম্বল বিতরণ করেন।

কম্বল বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম, উপজেলা ভূমি কর্মকর্তা ও সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম, গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার নিরঞ্জন চক্রবর্তী।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মশিউর রহমান। স্থানীয় ইউপি সদস্য নজরুল ইসলাম, রিপন আলী, উপজেলা নির্বাহী অফিসারের অফিস সহকারি (নাজির) আবু হানজালা প্রমুখ এ সময়ে উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মনসুর আলম খান বলেন, মেহেরপুর জেলায় এ বছর সাড়ে ১০ হাজার কম্বল এসেছে।আরো কম্বল আসার সম্ভাবনা রয়েছে। জেলা বিভিন্ন অসহায় মানুষের মাঝে কম্বল বিতরণের কাজ অব্যাহত রয়েছে। এছাড়া আরো কম্বলের চাহিদা দেওয়া হয়েছে। মেহেরপুর জেলার কোন মানুষ যাতে শীতে কষ্ট না পায় সে লক্ষ্যে প্রধানমন্ত্রী প্রান্তহবিল থেকে এ কম্বল প্রেরণ করেছেন।কম্বল পেয়ে অসহায় মানুষ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্য দোয়া করেছেন।